

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কারিগরি শিক্ষা অধিদপ্তর
এফ-৪/বি, আগারগাঁও প্র/এ
শেরে বাংলা নগর, ঢাকা-১২০৭।

ওয়েব সাইট : www.techedu.gov.bd

স্মারক নং- ৫৭.০৩.০০০০.০৯১.২০.০০৭.১৮-৪৯৯

তারিখঃ ০৪/০৬/২০১৮ খ্রিঃ

বিষয়ঃ কুষ্টিয়া জেলার মিরপুর উপজেলাধীন নওদা আজমপুর টেকনিক্যাল অ্যান্ড বিজনেস ম্যানেজমেন্ট কলেজে নিয়োগ প্রাপ্ত জনাব মোঃ রমজান আলী প্রভাষক (সেক্রেটারিয়াল সায়েন্স) এর এমপিওভুক্তির তারিখ আর্থিক ও জ্যেষ্ঠতা পরিবর্তন প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের আলোকে আপনার অবগতির জন্য জানানো যাচ্ছে যে, কুষ্টিয়া জেলার মিরপুর উপজেলাধীন নওদা আজমপুর টেকনিক্যাল অ্যান্ড বিজনেস ম্যানেজমেন্ট কলেজে নিয়োগ প্রাপ্ত শিক্ষক জনাব মোঃ রমজান আলী প্রভাষক (সেক্রেটারিয়াল সায়েন্স) এর এমপিওভুক্তির তারিখ, আর্থিক সুবিধা প্রদান এবং জ্যেষ্ঠতা পরিবর্তন বিষয়ক একটি আবেদন কারিগরি শিক্ষা অধিদপ্তরের ডকেট নং ৬২৯/১৮ তারিখ ০৭/০৫/১৮খ্রিঃ মোতাবেক এই দপ্তরে জমা করেন। তার আবেদন যাচাই বাছাই করে দেখা যায় তার প্রশিক্ষণ সনদ ইন্সটিটিউট অব আইসিটি থেকে, যা সরকার স্বীকৃত প্রতিষ্ঠান থেকে অর্জিত নয় অর্থাৎ তার নিয়োগকালীন কাম্য প্রশিক্ষণ ছিল না।

২। নিয়োগ কালীন কাম্য প্রশিক্ষণ না থাকায় তার নিয়োগ ও এমপিও প্রদান বিধি মোতাবেক হয়নি। ফলে তার এমপিওভুক্তির তারিখ, আর্থিক সুবিধা প্রদান এবং জ্যেষ্ঠতা পরিবর্তনের কোন সুযোগ নেই।

৩। এমতাবস্থায় জনাব মোঃ রমজান আলীর সরকার স্বীকৃত প্রতিষ্ঠান থেকে প্রশিক্ষণ সনদ অর্জিত না হওয়ায় এবং তার নিয়োগ কার্যক্রম বিধি সম্মত না হওয়ায় তার এমপিওভুক্তির তারিখ, আর্থিক সুবিধা প্রদান এবং জ্যেষ্ঠতা পরিবর্তন করা গেল না এবং নিয়োগ কালীন কাম্য প্রশিক্ষণ না থাকায় তার এমপিও কেন বন্ধ করা হবে না আগামী ০৭ কর্ম দিবসের মধ্যে এ বিষয়ে ব্যাখ্যা প্রদানের জন্য অনুরোধ করা হল।

১। জনাব মোঃ সহিদুল ইসলাম
(অধ্যক্ষ)

নওদা আজমপুর টেকনিক্যাল অ্যান্ড বিজনেস ম্যানেজমেন্ট কলেজ
মিরপুর, কুষ্টিয়া।

২। জনাব মোঃ রমজান আলী
প্রভাষক (সেক্রেটারিয়াল সায়েন্স)
নওদা আজমপুর টেকনিক্যাল অ্যান্ড বিজনেস ম্যানেজমেন্ট কলেজ
মিরপুর, কুষ্টিয়া।

স্বাক্ষরিত/-

(ড. মোঃ নুরুল ইসলাম)
পরিচালক (ভোকেশনাল)
কারিগরি শিক্ষা অধিদপ্তর, ঢাকা।

স্মারক নং- ৫৭.০৩.০০০০.০৯১.২০.০০৭.১৮-৪৯৯

তারিখঃ ০৪/০৬/২০১৮খ্রিঃ

সদয় অবগতির জন্য অনুলিপিঃ

১। জেলা প্রশাসক, কুষ্টিয়া।

২। উপ-সচিব (কারিগরি-১/২), কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।

৩। জেলা শিক্ষা অফিসার, কুষ্টিয়া।


৪। সভাপতি, নওদা আজমপুর টেকনিক্যাল অ্যান্ড বিজনেস ম্যানেজমেন্ট কলেজ, মিরপুর, কুষ্টিয়া।

৫। আইন কর্মকর্তা, আইন সেল, কারিগরি শিক্ষা অধিদপ্তর, ঢাকা।

৬। ভারপ্রাপ্ত কর্মকর্তা, আইসিটি সেল, কারিগরি শিক্ষা অধিদপ্তর, ঢাকা (পত্রটি ওয়েব সাইটে প্রচারের জন্য অনুরোধ করা হল)।

৭। পিএ.টু মহাপরিচালক, কারিগরি শিক্ষা অধিদপ্তর, ঢাকা (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।

৮। সংরক্ষণ নথি।



(মোঃ জহুরুল ইসলাম)

সহকারী পরিচালক (এম.পি.ও)
কারিগরি শিক্ষা অধিদপ্তর, ঢাকা।